রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৪০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৫, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭০৭—৭১৩ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪১৩—১৪৪৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১৯—২২৫ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৩৫—১৩৪৪ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৪/২৪ আগস্ট ২০১৭

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.০৫০.১০.৬৩৮**—যেহেতু, ড. মোহাম্মদ আমীন (পরিচিতি নং-৫৫৪০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (দুদক) কর্তৃক রমনা মডেল (ডিএমপি) থানায় ২০-০৭-২০১৬ তারিখে ৩০ নং মামলা রুজুর পরিপ্রেক্ষিতে ০৫-০৯-২০১৬ তারিখে তাঁকে গ্রেফতারপূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ করে জেল হাজতে প্রেরণ করা হয়;

সেহেতু, ড. মোহাম্মদ আমীন-কে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে গ্রেফতারের তারিখ অর্থাৎ ০৫-০৯-২০১৬ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকা কালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ আগস্ট ২০১৭

**নং ৩৩.০০.০০০০.১১৯.০৪.০০৪.১৬-২৪৯**—যেহেতু, ডাঃ মোঃ আতিকুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লংগুদু, রাঙামাটি পার্বত্য জেলা, (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নানিয়ারচর, রাঙামাটি পার্বত্য জেলা), (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান) কে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয় গত ১২-০২-২০১৬ তারিখে নাইক্ষ্যংছড়ি উপজেলায় বাংলাদেশ প্রাণিসম্পদ আঞ্চলিক গবেষণা প্রতিষ্ঠান এর উদ্বোধনী অনুষ্ঠান এবং আঞ্চলিক খামার পরিদর্শনকালীন সময় পূর্বে অবহিত হওয়া সত্ত্বেও বর্ণিত কর্মকর্তাকে উপস্থিত না পাওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১৪/২০১৬ রুজু করা হয়; এবং

যেহেতু, গত ২০-০৪-২০১৭ তারিখে ৩৩.০০.০০০০.১১৭.০৪. ০০৪.১৬-৪৫১ নং স্মারকে উক্ত মামলায় তাকে কারণ দর্শাতে বলা হলে তিনি গত ১২-০৬-২০১৬ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং গত ১৪-০৭-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ আতিকুর রহমান এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তক্রমে প্রতিবেদন দেয়ার জন্য জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব (মৎস্য-২) আইন অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে ডাঃ মোঃ আতিকুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লংগুদু, রাঙামাটি পার্বত্য জেলা (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নানিয়ারচর, রাঙামাটি পার্বত্য জেলা) (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান) এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহের বহির্ভূতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, ডাঃ মোঃ আতিকুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) অনুযায়ী স্থায়ীভাবে বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সার্বিক বিষয় বিবেচনায় ডাঃ মোঃ আতিকুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লংগুদু, রাঙামাটি পার্বত্য জেলা (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নানিয়ারচর, রাঙামাটি পার্বত্য জেলা) (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান) কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) অনুযায়ী স্থায়ীভাবে "বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ড প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।

**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**শোক প্রস্তাব**

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৪/২১ আগস্ট ২০১৭

**নং ৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০২.১৩-৪১০**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মরহুম ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক, ডেপুটি কিউরেটর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা সরকারি চাকরিতে কর্মরত থাকাকালীন মারাত্মক হৃদরোগে আক্রান্ত হয়ে বিগত ০১-০৮-২০১৭ খ্রি. তারিখ সকাল ০৬.৪৫ ঘটিকায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর ০৯ মাস ১ দিন।

০২। মরহুম ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক ৩১-১০-১৯৫৯ তারিখ ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলাধীন ডাজ্ঞীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বিগত ২৮-০২-১৯৮৭ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের বৈজ্ঞানিক কর্মকর্তা পদে ফাউল কলেরা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকায় কর্মজীবন শুরু করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০২ (দুই) পুত্র সন্তান, ১ কন্যাসহ বহু আত্মীয়-স্বজন এবং গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকরি জীবনে একজন অমায়িক, কর্তব্যপরায়ণ এবং নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

০৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারর মরহুম ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**উন্নয়ন-০৫ শাখা**

**আদেশ**

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৪/১০ সেপ্টেম্বর ২০১৭

**নং ৪২.০০.০০০০.০৩৮.২৪.০৭১.১৫-৪২৪**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর জন্য অস্থায়ীভাবে সৃষ্ট নিম্নবর্ণিত ৪৮ (আটচল্লিশ) টি পদ ০১-০৬-২০১৭ তারিখ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত (২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য) নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে সংরক্ষণের জন্য নির্দেশক্রমে সরকারি সম্মতি জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নং | পদের নাম | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ১. | সদস্য | সরকার কর্তৃক নিজ বেতনক্রমে নিয়োগযোগ্য | ১ (এক)টি |
| ২. | পরিচালক | ৫০০০০-৭১২০০/- (৪র্থ গ্রেড) | ১ (এক)টি |
| ৩. | নির্বাহী প্রকৌশলী | ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) | ৩ (তিন)টি |
| ৪. | উপ-বিভাগীয় প্রকৌশলী | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | ৬ (ছয়)টি |
| ৫. | সহকারী প্রকৌশলী | ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ২ (দুই)টি |
| ৬. | সহকারী পরিচালক/সহঃ কারিগরী কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ১ (এক)টি |
| ৭. | প্রটোকল অফিসার | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ১ (এক)টি |
| ৮. | হিসাব রক্ষক | ১১০০০-২৬৫৯০/- (১৩ম গ্রেড) | ১ (এক)টি |
| ৯. | উপ-সহকারী প্রকৌশলী | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ১ (এক)টি |
| ১০. | সহকারী গ্রন্থাগারিক | ১২৫০০-৩০২৩০/- (১১তম গ্রেড) | ১ (এক)টি |
| ১১. | নকশাকারক | ৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড) | ২ (দুই)টি |
| ১২. | সাঁট-লিপিকার কাম পিএ | ১১০০০-২৬৫৯০/- (১৩ম গ্রেড) | ২ (দুই)টি |
| ১৩. | সিঃ ডাটা এন্ট্রি অপারেটর | ১২৫০০-৩০২৩০/- (১১তম গ্রেড) | ২ (দুই)টি |
| ১৪. | হিসাব সহকারী | ৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড) | ১ (এক)টি |
| ১৫. | উচ্চমান সহকারী | ৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড) | ১ (এক)টি |
| ১৬. | জরিপকারী | ৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড) | ১ (এক)টি |
| ১৭. | নিম্নমান সহকারী | ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | ১ (এক)টি |
| ১৮. | গ্রন্থাগার সহকারী | ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | ১ (এক)টি |
| ১৯. | টেলিফোন অপারেটর তথা অভ্যর্থনাকারী | ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | ১ (এক)টি |
| ২০. | ডাটা এন্ট্রি অপাঃ কাম টাইপিস্ট | ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | ৪ (চার)টি |
| ২১. | গাড়ী চালক | ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | ৩ (তিন)টি |
| ২২. | নিরাপত্তা প্রহরী | (চুক্তিভিত্তিক) | ৩ (তিন)টি |
| ২৩. | বার্তা বাহক/এমএলএসএস | ৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড) | ৭ (সাত)টি |
| ২৪. | সুইপার | (চুক্তিভিত্তিক) | ১ (এক)টি |

২। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বছরে সাংবিধানিক কোড নং-৩, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় পরিচালন ইউনিট-৩২৮৩, প্রাতিষ্ঠানিক কোড-৪৭০৫, অর্থনৈতিক কোড,-৫৯০১ (সাধারণ মঞ্জুরী) ও অন্যান্য মঞ্জুরী বেতন বাবদ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে মিটানো হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ মার্চ, ২০১৪ তারিখের পরিপত্র নং-০৫.১৫২.০১৫.০২.০০.০১৭.২০১২-৬৮ এর নির্দেশাবলী অনুসরণ করতে হবে;

৪। যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর ২৪ (চব্বিশ) ক্যাটাগরির ৪৮ (আটচল্লিশ) টি পদ অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য সুপারিশকৃত চতুর্থ শ্রেনির পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে;

৫। এ আদেশ জারিতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

আফছানা বিলকিস
সিঃ সহঃ সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ ভাদ্র ১৪২৪/০৬ সেপ্টেম্বর ২০১৭

**নং ৩৫.০০.০০০০.০৪৮.০৬.০১১.১৪-১৪৫**—সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রজ্ঞাপন নং-৩৫.০০.০০০০.০৪৮.০৬.০১১.১৪-৭৯ তারিখ: ২১ মে, ২০১৭ এর মাধ্যমে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধীনে বাস্তবায়নাধীন Dhaka Integrated Traffic Management Project (DITMP) এর বিভিন্ন গ্রেডের পদে নিয়োগের জন্য ৩টি নিয়োগ কমিটি গঠন করা হয়। উক্ত প্রকল্পের গ্রেড-১১ হতে ১৬ ভুক্ত পদে নিয়োগ কমিটি নিম্নরূপে পুনর্গঠিত করা হলো:

**গ্রেড-১১ হতে ১৬ ভুক্ত কর্মচারী পুনর্গঠিত নিয়োগ কমিটি**

**সভাপতি**

১. পরিচালক (প্রশাসন), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

**সদস্যবৃন্দ**

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

৩. উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪. বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

৫. ট্রান্সপোর্ট প্লানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

**কমিটির কার্যপরিধি নিম্নরূপ:**

(ক) সংশ্লিষ্ট নিয়োগ কমিটি ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের আওতায় বাস্তবায়নাধীন Dhaka Integrated Traffic Management Project (DITMP)-এ নিয়োগের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান;

(খ) শূন্য পদ পূরণের ক্ষেত্রে কমিটি সরকারি বিধি-বিধান, কোটা ও সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপঙ্কর মন্ডল**
উপসচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**সংশোধিত প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৪/০৭ সেপ্টেম্বর ২০১৭

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০৬১**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/ গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Biological Sciences (BS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. সৈয়দ সাখাওয়াত হোসেন | পশু প্রজনন ও কৌলি বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ মাহবুবুর রহমান | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. রাখহরি সরকার | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. মোহাম্মদ আলী | কীটতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৫। | ড. মোঃ আজিজুল হক | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর, জয়দেবপুর। | সদস্য |
| ৬। | অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান | গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর। | সদস্য |
| ৭। | মোহাম্মদ আবদুল মাননান | অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৮। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংগে পরামর্শক্রমে সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০৬২**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/ গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Medical Sciences (Medi-S) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ডাঃ প্রাণ গোপাল দত্ত | সাবেক উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল খান | অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা ও অধ্যাপক ও বিভাগীয় প্রধান ফার্মাকোলজী বিভাগ | সদস্য |
| ৩। | অধ্যাপক ডাঃ মোঃ বিল্লাল আলম | অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা ও অধ্যাপক মেডিসিন বিভাগ | সদস্য |
| ৪। | ডাঃ রায়হান হোসেন | প্রধান চিকিৎসা কর্মকর্তা, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্স, শাহবাগ, ঢাকা | সদস্য |
| ৫। | ডাঃ মোহাম্মদ সালাউদ্দিন ফারুক | সহকারী অধ্যাপক, সার্জারী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা | সদস্য |
| ৬। | মোহাম্মদ আবদুল মাননান | অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০৬৩**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/ গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Environmental Sciences (ES) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. এ. এম. এস. মাকসুদ কামাল | ডিন , আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ এবং চেয়ারম্যান, দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান | পরিবেশ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ মাইন উদ্দীন মিঞা | কৃষিবনায়ন ও পরিবেশ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| ৪। | অধ্যাপক শফিকুল ইসলাম | উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর। | সদস্য |
| ৫। | মোহাম্মদ আবদুল মাননান | অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০৬৪**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Engineering & Applied Sciences (EAS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. রফিকুল ইসলাম | ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার | তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশলী বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ নূরুল আলম | পদার্থবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৪। | অধ্যাপক আ. ক. ম. মোস্তফা জামান | ডিন, দুর্যোগ ব্যবস্থাপনা অনুষদ, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী | সদস্য |
| ৫। | প্রকৌশলী জাফর সাদেক | প্রধান প্রকৌশলী ও পরিচালক, কোয়ালিটি ম্যানেজমেন্ট ডিভিশন, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ৬। | রওশন আরা বেগম | যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০৬৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Inter-Disciplinary (ID) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. নীলুফার নাহার | রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| ২। | ড. মোঃ মিজানুর রহমান | পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | সদস্য |
| ৪। | অধ্যাপক ডাঃ এ কে এম খুরশিদুল আলম | ইউরোলজী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৫। | অধ্যাপক নূর মোঃ রহমতউল্লাহ | কৃষি পরিসংখ্যান বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৬। | রওশন আরা বেগম | যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০৬৬**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Physical Sciences (Phy-sc) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্ল্যা | সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন | পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. আবু হাসান ভুইয়া | পদার্থ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৪। | ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী | যন্ত্রকৌশল বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| ৫। | ড. মিহির কুমার রায় | পদার্থবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সদস্য |
| ৬। | জনাব মাহবুবুল হক | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক, ইনস্টিটিউট অব ইলেকট্রনিক্স, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, গণকবাড়ী, সাভার, ঢাকা | সদস্য |
| ৭। | রওশন আরা বেগম | যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৮। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

---

**পরিকল্পনা মন্ত্রণালয়**
**পরিকল্পনা বিভাগ**
**প্রশাসন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৪ বঃ/৩০ আগস্ট ২০১৭ খ্রিঃ

**নং ২০.০০.০০০০.৩০২.৩২.০১৫.১২(অংশ-১)-৩৮৭**—যেহেতু, বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা শিল্প মন্ত্রণালয়ের সহকারী প্রধান জনাব মুহাম্মদ আমিন শরীফ (০৩৯৬)-কে পরিকল্পনা বিভাগের প্রজ্ঞাপন নং-২০.০০.০০০০.৩০২.৩২.০১৫.১২-৩৫৫ তারিখ ০২-০৯-২০১৪ মূলে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হয়;

যেহেতু, সহকারী প্রধান জনাব মুহাম্মদ আমিন শরীফ (০৩৯৬), তাঁর বরখাস্তের আদেশের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৮৫১৪/২০১৪ দাখিল করেন;

যেহেতু, মাননীয় হাইকোর্ট বিভাগ সরকারি চাকরি হতে তাঁকে বরখাস্তের প্রজ্ঞাপন অবৈধ ও ক্ষমতা বহির্ভূত ঘোষণা করে সহকারী প্রধান জনাব মুহাম্মদ আমিন শরীফ (০৩৯৬)-কে সরকারি চাকরিতে স্বপদে সকল বকেয়া ভাতাদিসহ পুনর্বহালের আদেশ প্রদান করেছেন;

যেহেতু, সহকারী প্রধান জনাব মুহাম্মদ আমিন শরীফ (০৩৯৬)-কে সরকারি চাকরিতে পুনর্বহালের আদেশ মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা জনাব মুহাম্মদ আমিন শরীফ (০৩৯৬), সহকারী প্রধান, শিল্প মন্ত্রণালয়-কে সকল বকেয়া বেতন ভাতাদিসহ স্বপদে পুনর্বহাল করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউল ইসলাম**
সচিব।